

জয়ন্তজয় চট্টোপাধ্যায়

১

আমি তার কেউ নই, তবু তাকে ভালোবাসি আর
এভাবেই রাত নামে, আলো জাগে ভোরের আকাশে...
বিজনে, নদীর কাছে বসে আছি মেয়েটির পাশে
একটি নক্ষত্র জ্বলে নদীজলে, হৃদয় আমার !

২

আমি বেপরোয়া আষাঢ়ের মেঘ, বজ্র
হেলায় ঘিরেছি তোমার আকাশ, সূর্য
কতদিন তুমি ধারাজলে স্নান করোনি !